

সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার)- এর উন্নয়ন, পরিবর্তন, পরিবর্ধন, সংযোজন ও হালনাগাদকরণ এবং সিটিজেন্স চার্টার বাস্তবায়ন পরিবীক্ষণ সংক্রান্ত কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি এ এস এম জাকির হোসেন
সদস্য (প্রশাসন ও অর্থ)
সভার তারিখ ১৬ মে, ২০২২
সভার সময় বিকাল ০৩:০০ ঘটিকায়
স্থান এন.টি.আর.সি.এ.'র সম্মেলন কক্ষে
উপস্থিতি সভার উপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট “ক” তে দেখানো হল।

সভাপতি, উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি, সভার সদস্য ও সিটিজেন্স চার্টারের ফোকাল পয়েন্টকে আলোচ্যসূচি অনুসারে আলোচ্য বিষয়সমূহ সভায় উপস্থাপনের আহবান জানান। উপস্থাপিত বিষয়ের উপর আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

ক্রমিক নং	আলোচ্য সূচি	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১	এন.টি.আর.সি.এ.'র প্রণীত সিটিজেন্স চার্টার যথাসময়ে হালনাগাদকরণ;	সদস্য ও ফোকাল পয়েন্ট সভাকে অবহিত করেন যে, সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২১-২২ এর ১.২ অনুযায়ী ত্রেমাসিকভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদপূর্বক হালনাগাদকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি ওয়েবসাইটে আপলোড করে প্রমাণক উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করতে হয়। তিনি আরো জানান ১ম, ২য় ও ৩য় কোয়ার্টারে এন.টি.আর.সি.এ.'র সেবা প্রদান প্রতিশ্রুতি যথাসময়ে হালনাগাদ করে ওয়েবসাইটে আপলোড করা হয়েছে এবং প্রমাণক উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করা হয়েছে। সভাপতি মহোদয় বলেন ৪র্থ কোয়ার্টারে নির্ধারিত সময়ের মধ্যে বিদ্যমান সিটিজেন্স চার্টারে প্রয়োজনীয় পরিবর্তন ও পরিবর্ধন করে হালনাগাদকৃত সিটিজেন্স চার্টার ওয়েব সাইটে আপলোড করে প্রমাণক উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করা আবশ্যিক। উপস্থিত সকল সদস্য এ বিষয়ে একমত পোষণ করেন।	এন.টি.আর.সি.এ.'র বিদ্যমান সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) হালনাগাদ করে ৪র্থ কোয়ার্টারে যথাসময়ে এন.টি.আর.সি.এ.'র ওয়েবসাইটে আপলোড করে প্রমাণক উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করতে হবে।	পরিবীক্ষণ কমিটি ও ফোকাল পয়েন্ট

২	সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারগণে সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন;	সদস্য ও ফোকাল পয়েন্ট সভাকে অবহিত করেন যে, সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২১-২২ এর ২.২ অনুযায়ী অংশীজনের অংশগ্রহণে ২ টি অবহিতকরণ সভা আয়োজন করতে হবে। ২য় কোয়ার্টারে ০১ টি সভা সম্পন্ন করা হয়েছে। অবশিষ্ট ০১ টি সভা ৪র্থ কোয়ার্টারে আয়োজন করা প্রয়োজন। সভাপতি মহোদয় বলেন আগামী ২৮/০৫/২০২২ তারিখ অংশীজনের অংশগ্রহণে ০১ টি সভা আয়োজনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। সভা সুষ্ঠুভাবে অনুষ্ঠানের জন্য তিনি উপস্থিত সদস্যগণকে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করেন।	অংশীজনের অংশগ্রহণে অবহিতকরণ অবশিষ্ট ০১ টি সভার আয়োজন ৪র্থ কোয়ার্টারে সম্পন্ন করতে হবে।	পরিবীক্ষণ কমিটি
৩	সিটিজেন্স চার্টারে প্রতিশ্রুত সেবা সমূহ বাস্তবায়ন পর্যবেক্ষণ;	(ক) সদস্য ও ফোকাল পয়েন্ট সভাকে অবহিত করেন যে, এন.টি.আর.সি.এ.'র সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার)-এ ২৭ টি নাগরিক সেবা, ০৯ টি প্রাতিষ্ঠানিক/দাপ্তরিক সেবা এবং ০৮ টি অভ্যন্তরীণ সেবা রয়েছে। সভাপতি মহোদয় সিটিজেন্স চার্টারে বর্ণিত প্রতিশ্রুত সেবা যেমন: সনদ যাচাই প্রতিবেদন, সনদ সংশোধন ও দ্বিনকল সনদ সহ অন্যান্য সকল সেবা নির্ধারিত সেবা প্রদান পদ্ধতি ও সেবা প্রদানের সময়সীমার মধ্যে প্রদান করার বিষয়ে পর্যবেক্ষণ অব্যাহত রাখার উপর গুরুত্বারোপ করেন। (খ) সভাপতি মহোদয় বলেন এন.টি.আর.সি.এ.'র বিদ্যমান সেবা প্রদান প্রতিশ্রুতি সম্পর্কিত দৃশ্যমান বোর্ড যা এন.টি.আর.সি.এ.'র বঙ্গবন্ধু কর্ণারের পাশে স্থাপিত হয়েছে, সেই বোর্ডটি হালনাগাদ করা প্রয়োজন। তিনি আরো বলেন হালনাগাদপূর্বক বোর্ডটি এমনভাবে প্রতিস্থাপন করা আবশ্যিক যা সহজে সেবা প্রত্যাশীদের দৃষ্টি গোচর হয় এবং তারা অধিকতর সহজভাবে সেবা গ্রহণ করতে পারেন।	(ক) পরিবীক্ষণ কমিটি সিটিজেন্স চার্টারের বর্ণিত প্রতিশ্রুতি সেবাসমূহ নির্ধারিত সময়ের মধ্যে সঠিক পদ্ধতিতে বাস্তবায়ন করার জন্য পর্যবেক্ষণ কাজ অব্যাহত রাখবে। (খ) সেবা প্রদান প্রতিশ্রুতি সম্বলিত বোর্ডটি হালনাগাদ করে সহজে দৃশ্যমান হয় এমনভাবে প্রতিস্থাপন করতে হবে।	পরিবীক্ষণ কমিটি

০২. সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন



এ এস এম জাকির হোসেন

সদস্য (প্রশাসন ও অর্থ)


স্মারক নম্বর: ৩৭.০৫.০০০০.০০৯.৩৮.০০১.২১.৪২৬

তারিখ: ৮ জ্যৈষ্ঠ ১৪২৯

২২ মে ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) সচিব, সচিব এর দপ্তর, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)
- ২) উপপরিচালক (পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন), উপপরিচালক (পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন) এর দপ্তর, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)
- ৩) সহকারী পরিচালক, প্রশাসন (ক্রয় ও সেবা), উপপরিচালক (প্রশাসন ও অর্থ) এর দপ্তর, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)
- ৪) সহকারী পরিচালক, প্রশাসন (সমন্বয়), উপপরিচালক (প্রশাসন ও অর্থ) এর দপ্তর, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)
- ৫) পি.এ টু চেয়ারম্যান, চেয়ারম্যান এর দপ্তর, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) [চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য]



লুৎফর রহমান

সহকারী পরিচালক, প্রশাসন (সমন্বয়) ও বিকল্প

ফোকাল পয়েন্ট